

### গুরুত্বপূর্ণ বিষয়

২০০৮-২০০৯ সালের বিশ্ব মন্দা কানাডীয় অর্থনীতি ও চাকুরীর ক্ষেত্রে তার মাসুল নিয়েছে। কর্মজীবী মানুষের হার হ্রাস পাচ্ছে। চাকুরীর মানের অবনতি ঘটছে। অনেক বেশি মানুষ নিরাপত্তাহীন কর্মসংস্থানে রয়েছে। কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক ও কর্মসংস্থানের প্রবৃদ্ধিতে বিনিয়োগের পরিবর্তে কর্মসূচি এবং পরিষেবা কাটার মধ্য দিয়ে ঋণ হ্রাস করার জন্য কাজ চালিয়ে যায়।

### পটভূমিকা

কর্মসংস্থান হার যা কর্মজীবী জনসংখ্যার অনুপাত পরিমাপ করে তা ২০০৮ সালের ফেব্রুয়ারিতে ৬৩.৭% থেকে ২০১৫ সালের ফেব্রুয়ারিতে ৬১.৩% নেমে আসে। কর্মসংস্থান প্রবৃদ্ধি গত দেড় বছর ধরে থেমে আছে। অনেক বেকার ব্যক্তি কাজ খোঁজা ছেড়ে দিয়েছে বা নিরাপত্তাহীন কর্মসংস্থান গ্রহণ করতে বাধ্য হয়েছে।

প্রধান দুইটি কানাডীয় ব্যাংকের প্রতিবেদন অনুযায়ী ২০০৮ সালের মন্দার পরে নিরাপত্তাহীন কর্মসংস্থানের মাত্রা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। নিম্ন-মানের কাজগুলো সাধারণত নিম্ন-মজুরি, নিম্ন-আয়ের ভবিষ্যদ্বাণী এবং সময়সূচির সাথে সংযুক্ত। নিরাপত্তাহীন কর্মসংস্থানের অনিশ্চয়তা ও অস্থিতিশীলতা ব্যক্তি ও পরিবারগুলোর উপর মানসিক চাপ বাড়ায়। নিরাপত্তাহীন কর্মসংস্থান ব্যক্তি ও পরিবারগুলোকে দারিদ্রতায় রাখে।

কেন্দ্রীয় সরকার নিষ্ক্রিয় অর্থনীতি এবং দুর্বল চাকুরির বাজার বিষয়ক সমস্যাগুলো মোকাবেলা করার জন্য বিভিন্ন শাখার আহ্বান উপেক্ষা করেছে। পরিবর্তে এটা ক্রমাগত কৃচ্ছতা বাজেট তৈরী করেছে যা ২৮,০০০ সরকারি চাকুরী ছাটাই করেছে এবং স্বাস্থ্যসেবা, পরিবেশগত সুরক্ষা, খাদ্য নিরাপত্তা ও পরিদর্শন, মানবাধিকার, অভিজ্ঞ ও অবসরপ্রাপ্ত কর্মজীবীদের সুবিধা, বিজ্ঞান ও গবেষণা খাতে পরিষেবা কেটে দিয়েছে।

একই সময়ে, এটা কর্পোরেশন এবং ধনীদের রাজস্বের হ্রাস করায় বিলিয়ন বিলিয়ন ডলার লোকসান দিয়েছে। ২০১৩ সালে কর্পোরেট কানাডা অব্যবহৃত নগদ অর্থ ৬২৬ মিলিয়ন ডলার নিয়ে বসেছিল যা অর্থনীতি ও চাকুরীর ক্ষেত্র সৃষ্টিতে বিনিয়োগ করা যেতে পারত।

ভোট একটি সুযোগ যাতে ব্যক্তি কানাডার অর্থনীতি ও চাকুরির মান সম্পর্কে মতামত প্রদান করতে পারে। তারা একটি সরকার নির্বাচন করতে পারে যারা অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং ভালো চাকুরি সম্পর্কিত বিষয়গুলো তাদের অগ্রাধিকার তালিকার শীর্ষে রাখবে।

### প্রশ্নাবলী

১। আপনার দল কর্মসংস্থান বাড়াতে এবং চাকুরির মানের উন্নতি ঘটাতে কি করবে?

২। আপনার দল বাজেটের সুশ্রমতা বনাম অর্থনৈতিক ও কর্মসংস্থান বৃদ্ধির বিষয়ে কোন পথে চলছে?

৩। আপনার দল কি ব্যবসা প্রতিষ্ঠান এবং ব্যক্তি উভয়ের জন্যই আরও পরিচ্ছন্ন ও প্রগতিশীল কর ব্যবস্থা সমর্থন করে?

### সম্পদ:

এই সিরিজের আরও তথ্য এবং অতিরিক্ত তথ্য পত্রের জন্য

<http://spno.ca/canada-votes-2015> -এ দেখুন।



এই সিরিজটি কানাডীয়ান কাউন্সিল অন সোশ্যাল ডেভেলোপমেন্ট, কমিউনিটি ডেভেলোপমেন্ট কাউন্সিল ডারহাম, কমিউনিটি ডেভেলোপমেন্ট হন্টন, অ্যাডমন্টন সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল, সেন্ট জন হিউম্যান ডেভেলোপমেন্ট কাউন্সিল, সোশ্যাল প্ল্যানিং অ্যান্ড রিসার্চ কাউন্সিল অব বিসি, সোশ্যাল প্ল্যানিং অ্যান্ড রিসার্চ কাউন্সিল অব হ্যামিল্টন, সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল অব ক্যামব্রিজ অ্যান্ড নর্থ ডামফ্রাইজ, সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল অব কিচেনোর-ওয়টারলু, সোশ্যাল প্ল্যানিং নেটওয়ার্ক অব অন্টারিও, এবং সোশ্যাল প্ল্যানিং টরন্টো কর্তৃক প্রকাশিত।